

TIPRA MULUK BAITHANG NAIKOLJAK HANGKOR KOKCHAP
KOKTHUM, HUKUMU TEI BERAIKHIRI BEDEK
KHUMULWNG, SALTHANG TRIPURA

=====
Khumulwngo sal 10 ni Rubber ni manwi swnam
mani swrwngnai rokno rwng bwlai bagmaung
=====

ADC/k-99
Khumulwng,01-06-2022
=====

Bekar sikla sikli rokno Rubber ni juda juda manwi swnam mani kwrwng khai tisana bagwi phwrwngjak kha. Oboni bagwi sal 10 ni loi khwlaimani salthang zonal ni malaima nogo tini kaisa pandani bising twi rwng bwlai yapharjak kha. O pandao naruai okra wngwi manjak kha salthang Zonal ni Chairman Ranjit Debbarma. Alaida naruai wngwi manjak kha CEO C.K Jamatia. Naruai borom wngwi manjak kha Haste haphang ni skill Development Department ni Dagiphang Sanjoy Chakraborty. Hambai yapharwi koknarwk kha TTAADC Tangkhor bedekni Jaiphang Biswajit Sinha. Tula sikhori tei khumulwng ni khorok 50 sikla sikli rokno phwrwngjak kha.

Naruai okra ni kok narwkphuru salthang Zonal ni chairman Ranjit Debbarma bekar sikla sikli rokno kaham khai phwrwng tisane bagwi phan rwkha. Kaham khai tangkhor twi swrwngjak hwnkhai haktor tei hayung beremo samung manthokgu. Bank o bo lakai manthokgu. Baithang ni yakung sakha bachana bagwi bekar siklarok no koimung bo narwk kha. Alaida naruai ni kok narwkphuru CEO C.K Jamatia sakha ADC ni rang khochorjak. Kwrwng khai tisane bagwi tei bo kwbang khai loi khwlaimani panda khwlaina bagwi bo kok narwkha. O pandao haste hapangni skill Development bedekni Dagiphang Sanjoy Chakraborty khwnarwkha joto Village committee ni khoroknwi khw lai pump operator tei pherang twi loi khw lai rwjaknai. Paithakgo swrwng nairokno kwrwng bwlai yaphar laikha pandani naruai rok.

ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদ
তথ্য, সংস্কৃতি ও পর্যটন দপ্তর,
ত্রিপুরা, পশ্চিম ত্রিপুরা

খুমলুঙে ১০ দিনব্যাপী রাবার শিল্প
বিষয়ে প্রশিক্ষণ সমাপ্ত

এডিসিস-৯৯
খুমলুঙে, ০১।০৬।২০২২ইং

বেকার যুবক-যুবতীদের বিভিন্ন বিষয়ে স্কীল ডেভেলপমেন্টের উপর রাজ্য সরকারের দক্ষতা দপ্তরের উদ্যোগে এডিসি শিল্প দপ্তরের ব্যবস্থাপনায় খুমলুঙে ১০ দিনব্যাপী রাবার ভিত্তিক শিল্পের উপর প্রশিক্ষণ দেয়া হয়। আজ প্রশিক্ষণ প্রাপ্তদের মধ্যে সার্টিফিকেট প্রদান করা হয়। এই উপলক্ষ্যে পশ্চিম জোন্যাল অফিসের কনফারেন্স হলে এক মনোজ্ঞ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে পশ্চিম জোন্যালের চেয়ারম্যান রনজিৎ দেববর্মা উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুখ্যনির্বাহী আধিকারিক সিকে জমাতিয়া। সন্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজ্য সরকারের স্কীল ডেভেলপমেন্ট দপ্তরের অধিকর্তা সঞ্জয় চক্রবর্তী। ধন্যবাদ জ্ঞাপন করেন এডিসি শিল্প দপ্তরের অধিকর্তা বিশুজিৎ সিনহা। এডিসি প্রশাসনের উদ্যোগে বেকার শিক্ষিত-অশিক্ষিত যুবক-যুবতীদের দক্ষতা বৃদ্ধির জন্য তুলাশিখর এবং খুমলুঙে এলাকার পৃথক পৃথক ভাবে মোট ৫০ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। পশ্চিম জোন্যালের চেয়ারম্যান প্রধান অতিথির ভাষণে রনজিৎ দেববর্মা বেকারদের দক্ষতা বৃদ্ধি করার উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন যেকোন বিষয়ের উপর দক্ষতা থাকে। তাহলে তাকে দেশে বিদেশে ব্যাপক কর্মসংস্থানের সুযোগ রয়েছে। প্রশিক্ষণ প্রাপ্ত সার্টিফিকেট ব্যাঙ্ক লোন পাবার ক্ষেত্রে বিশেষ অগ্রাধিকার পাওয়া যাবে। স্বনির্ভর হবার জন্য বেকারদের প্রতি আহ্বান জানান। বিশেষ অতিথির ভাষণে মুখ্যনির্বাহী আধিকারিক সিকে জমাতিয়া বলেন এডিসির আর্থিক ক্ষমতা সীমিত। রাজ্য সরকারের স্কীল ডেভেলপমেন্ট দপ্তরের মাধ্যমে বেকার যুবক-যুবতীদের বিভিন্ন বিষয়ে উপর প্রশিক্ষণ দেয়ার জন্য প্রস্তাব করেন। রাজ্য সরকার প্রত্যেক ভিলেজ কমিটি অঞ্চল থেকে দুই জনকে পাম্প অপারেটর এবং বৈদ্যুতিক বিষয়ের উপর প্রশিক্ষণ দেয়ার ব্যবস্থা করবেন বলে স্কীল ডেভেলপমেন্ট দপ্তরের অধিকর্তা আশ্বাস দেন। প্রশিক্ষণ প্রাপ্তদের হাতে সার্টিফিকেট তুলে দেন সভায় উপস্থিত অতিথিগণ।